



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

সরকারি সাঁদত কলেজ
করটিয়া, টাঙ্গাইল।

ফোন : ০৯২১-৬২৫৫৯ . e-mail : principalsaadatcollege@yahoo.com web : www.saadatcollege.gov.bd

কলেজ কোড

শিক্ষা মন্ত্রণালয় : ০০৭০

জাতীয় বিশ্ববিদ্যালয় : ৫৩০১

EIIN : ১১৪৭৪৭


তারিখ : ২১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

সম্মানিত সকল বিভাগীয় প্রধানকে জানানো যাচ্ছে যে, ডিজিটাল কর্মসংস্থান সৃষ্টি ও আইটি ইনডাস্ট্রি হতে রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক Enhancing Digital Government and Economy (EDGE) শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। উক্ত প্রকল্পের সহায়তায় কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, মাভাবিপ্রবি এর তত্ত্বাবধানে 'স্টুডেন্ট ট্রেইনিং প্রোগ্রাম ফর ডিজিটাল স্কিলস ডেভেলপমেন্ট' পরিচালনা করা হবে। উক্ত প্রোগ্রামে সাঁদত কলেজকে সম্পৃক্ত করার জন্য আগামী ০৫/০২/২০২৪ খ্রি. তারিখ দুপুর ০২.৩০ মিনিটে মা.ভা.বি.প্র বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিদল-এর সাথে এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হবে। সে লক্ষ্যে একটি প্রস্তুতিমূলক সভা আগামী ০৫/০২/২০২৪ খ্রি. তারিখ বেলা ১১.৩০ টায় শিক্ষক পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে। সকল বিভাগীয় প্রধান ও বিভাগীয় মেন্টরদের উক্ত সভায় অংশগ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সূচি :

০১. প্রস্তুতিমূলক সভা : বেলা ১১.৩০ টায়
০২. মধ্যাহ্নভোজ : দুপুর ০১.৩০ টায়
০৩. মতবিনিময় সভা : দুপুর ০২.৩০ টায়
০৪. স্থান : শিক্ষক পরিষদ মিলনায়তন


(প্রফেসর সুব্রত নন্দী)
আইডি নং-০০০০১৯৯৩
অধ্যক্ষ
সরকারি সাঁদত কলেজ
করটিয়া, টাঙ্গাইল

বিতরণ

১. উপাধ্যক্ষ, সরকারি সাঁদত কলেজ
২. বিভাগীয় প্রধান (সকল), সরকারি সাঁদত কলেজ
৩. সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি সাঁদত কলেজ
৪. আহ্বায়ক, ICT ও কম্পিউটার ল্যাব, পরিচালনা কমিটি, সরকারি সাঁদত কলেজ (কলেজের website -এ প্রদর্শনের অনুরোধসহ)
৫. নোটিশ বোর্ড
৬. অফিস কপি।

০৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে 'স্টুডেন্ট ট্রেনিং প্রোগ্রাম ফর ডিজিটাল স্কিলস ডেভেলপমেন্ট' শীর্ষক 'উদ্ভুদ্ধকরণ ও মতবিনিময় সভা' সরকারি সা'দত কলেজ, টাঙ্গাইল-এর শিক্ষক পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভায় মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষকমণ্ডলীর সাথে সরকারি সা'দত কলেজ, টাঙ্গাইল-এর শিক্ষকমণ্ডলী মতবিনিময় করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সরকারি সা'দত কলেজ, টাঙ্গাইল -এর সুযোগ্য অধ্যক্ষ প্রফেসর সুব্রত নন্দী।









